



তারেক রহমানকে অভিনন্দন জানালো মার্কিন দূতাবাস



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে নির্বাচনে ঐতিহাসিক জয়ের জন্য শুভেচ্ছা জানিয়েছে মার্কিন দূতাবাস।

দূতাবাসের ঢাকাস্থ ফেসবুক পেজে দেওয়া পোস্টে বলা হয়েছে, নির্বাচনে সফলতা অর্জনের জন্য বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানাই। পাশাপাশি বিএনপি ও তারেক রহমানের ঐতিহাসিক বিজয়ের জন্য শুভেচ্ছা জানানো হয়েছে। দুই দেশের সমৃদ্ধি ও নিরাপত্তার লক্ষ্য বাস্তবায়নে যুক্তরাষ্ট্র যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে।

উল্লেখ্য, বৃহস্পতিবার শুরু হওয়া ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করতে যাচ্ছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।

LENS ASIA